তারিখ 06 SEP 1990
পৃষ্ঠা ৭ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

## মসজিদে দ্বিতীয় শ্রেণী পর্যন্ত শিশু শিক্ষা চালুর দাবী

(ইত্তেফাক রিপোর্ট)

শিক্ষা প্রচার মিশন আগামী ৮ই সেপ্টেম্বর যথারীতি আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালনের আহ্বান জানাইয়াছে। গতকাল (বুধবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা প্রচার মিশনের সভাপতি মোঃ সুজাত আলী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা দেশের দুই লক্ষ মসজিদে দ্বিতীয় শ্রেণী পর্যন্ত শিশুদের শিক্ষা চালু করার দাবী জানান।

পাঠ্যক্রমে ধর্মীয় ভাবধারা প্রবর্তন এবং পর্যায়ক্রমে ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা চালু করারও তিনি দাবী জানান।